এদুয়ার্দো গালেয়ানো

আয়না

boobook

boobook



boobook

এদুয়ার্দো গালেয়ানো

ভাষান্তর • সন্দীপন ভট্টাচার্য

আয়না

আমাদের প্রায় সব্বার গল্প

boobook

প্রথম অংশ

BOOBOOK.CO


boobook
boobook

কোনো পাদটীকা নেই, কোনোরকম গ্রন্থগত উৎস এখানে অন্তর্ভুক্ত হয়নি।

ক্রমেই আমি বুঝতে পারি সে সব দিতে গেলে মূল গল্পের চেয়েও তার জন্য অনেক বেশি পৃষ্ঠা লাগবে।

স্রেফ একটা এলোমেলো ধারণার চেয়ে যাঁদের সাহায্য ছাড়া 'মিররস' বেশি কিছু হয়ে উঠত না, সেই সমস্ত সহযোগীদের নামের তালিকাও আমি দিইনি। যদিও যাঁরা ধৈর্য ধরে এ বইয়ে চূড়ান্ত পাণ্ডুলিপিটি পড়ে দেখেছেন এবং আমাকে বহু অস্বস্তির হাত থেকে বাঁচিয়েছেন, তাঁদের নাম আমি বাদ দিতে পারি না: টিম চ্যাপম্যান, আন্তনিও দোনিয়াতে, কার্ল হুবনার, কার্লোস মাচাদো, পিলার রইয়ো ও রাকেল ভিয়াগ্রা। এ বই তাঁদের, এবং এই অসম্ভব কাজকে যে অসংখ্য বন্ধুর কারণে সম্ভব করে তোলা গেল, একযোগে সকলকে উৎসর্গ করছি।

আর করছি হেলেনা-কে, প্রিয়।

boobook

মন্টেভিডে, ২০০৭-এর শেষের দিনগুলি

গল্পক্রম

০১	১৯-১৯ আকাঙ্ক্ষা থেকে জন্ম	১৬	৩৫-৩৫ শাসক ও শাসিত
০২	২০-২০ পায়ে-পায়ে এক উৎসব	১৭	৩৬-৩৭ শ্রমবিভাগের উৎপত্তি
০৩	২১-২১ ঝামেলার লোক	১৮	৩৮-৩৮ লিপির উৎপত্তি
০৪	২২-২২ গুহা	১৯	৩৯-৩৯ মাটি থেকে জন্ম
০৫	২৩-২৩ আগুনের উৎপত্তি	২০	৪০-৪০ সরাইখানার উৎপত্তি
০৬	২৪-২৪ সৌন্দর্যের উৎপত্তি	২১	৪১-৪১ বিয়ারের সংক্ষিপ্ত ইতিহাস
০৭	২৫-২৫ সাহারার সবুজ	২২	৪২-৪৩ সুরার সংক্ষিপ্ত ইতিহাস
০৮	২৬-২৬ কীভাবে আমরা?	২৩	৪৪-৪৫ যে রাজা অমরত্ব চেয়েছিল
০৯	২৭-২৭ যুগ-যুগান্ত	২৪	৪৬-৪৬ অশ্রু থেকে জন্ম
১০	২৮-২৯ জ্ঞাতিভাই	২৫	৪৭-৪৭ নীল
১১	৩০-৩০ ঠাকুমা-ঠাকুরদা	২৬	৪৮-৪৯ যে পাথর কথা বলে
১২	৩১-৩১ সভ্যতার সংক্ষিপ্ত ইতিহাস	২৭	৫০-৫০ লিখন, না
১৩	৩২-৩২ দূষণের উৎপত্তি	২৮	৫১-৫১ লিখন, হ্যাঁ
১৪	৩৩-৩৩ সামাজিক শ্রেণির উৎপত্তি	২৯	৫২-৫২ ওসিরিস
১৫	৩৪-৩৪ ক্রীতদাস আর প্রভুরা	৩০	৫৩-৫৩ আইসিস

boobook

৫৪-৫৫ ৩১
দুঃখী রাজা

৫৬-৫৭ ৩২
হাশেপসুট

৫৮-৫৮ ৩৩
অন্য পিরামিড

৫৯-৫৯ ৩৪
যুদ্ধের কৌশল

৬০-৬০ ৩৫
যুদ্ধের আতঙ্ক

৬১-৬১ ৩৬
হলুদ

৬২-৬২ ৩৭
ই এবং খরা

৬৩-৬৩ ৩৮
ইয়ু এবং বন্যা

৬৪-৬৪ ৩৯
চৈনিক গ্রন্থের উৎপত্তি

৬৫-৬৫ ৪০
রেশম, আদতে যা কীটের লালা

৬৬-৬৭ ৪১
চীনা রেশমকীটের উড়ান

৬৮-৬৯ ৪২
যে সম্রাট মৃত্যুর নির্মাণে তাঁর জীবন...

৭০-৭০ ৪৩
পায়ের হত্যাকারী

৭১-৭১ ৪৪
শব্দচোর

৭২-৭২ ৪৫
পুরুষের আতঙ্ক

৭৩-৭৩ ৪৬
এক মারাত্মক অস্ত্র

৭৪-৭৫ ৪৭
বিজয়ী সূর্য, পরাজিত চাঁদ

৭৬-৭৬ ৪৮
মিশরীয়রা

৭৭-৭৭ ৪৯
হিব্রুরা

৭৮-৭৮ ৫০
হিন্দুরা

৭৯-৭৯ ৫১
চীনারা

৮০-৮০ ৫২
রোমানরা

৮১-৮১ ৫৩
গ্রিকেরা

৮২-৮২ ৫৪
আমাজনরা

৮৩-৮৩ ৫৫
যখন যকৃতে ছিল আত্মার আবাস

৮৪-৮৫ ৫৬
নারীবিদ্বেষের উৎপত্তি

৮৬-৮৭ ৫৭
বিশ্ব বাণিজ্য সংস্থার উৎপত্তি

৮৭-৮৭ ৫৮
ডাকব্যবস্থার উৎপত্তি

৮৮-৮৮ ৫৯
একো

৮৯-৮৯ ৬০
টেলিস

boobook

৬১ ৯০-৯০
সঙ্গীতের উৎপত্তি

৬২ ৯১-৯১
দৈব একাধিপত্য

৬৩ ৯২-৯২
শাস্তির জন্য ধন্যবাদ

৬৪ ৯৩-৯৩
ভাষার উৎপত্তি

৬৫ ৯৪-৯৫
বহুবর্ষণ

৬৬ ৯৬-৯৬
জাতিবৈষম্যের ধর্মীয় উৎস

৬৭ ৯৭-৯৭
জাতিবৈষম্যের বৈজ্ঞানিক উৎস

৬৮ ৯৮-৯৯
সর্বশ্রেষ্ঠ প্রেম

৬৯ ১০০-১০১
আলেকজান্ডার

৭০ ১০২-১০৩
হোমার

৭১ ১০৪-১০৪
কুকুরের পুঁথিগত উৎস

৭২ ১০৫-১০৫
হেসিওড

৭৩ ১০৬-১০৬
নায়ক

৭৪ ১০৭-১০৭
রুদ্ধ উরুর ধর্মঘট

৭৫ ১০৮-১০৮
তোমাকে আঁকার শিল্প

৭৬ ১০৯-১০৯
সক্রেটিস

৭৭ ১১০-১১১
অলিম্পিক

৭৮ ১১২-১১৩
পার্থেনন ও তার পর

৭৯ ১১৪-১১৫
হিপোক্রেটিস

৮০ ১১৬-১১৭
আসপেসিয়া

৮১ ১১৮-১১৮
সাফো

৮২ ১১৯-১১৯
এপিকিউরাস

৮৩ ১২০-১২০
নিরাপত্তাহীনতার উৎপত্তি

৮৪ ১২১-১২১
অ্যারিস্টটলের মতে দাসত্ব

৮৫ ১২২-১২২
ব্যাকানেলিয়ার দিকে নজর রাখুন

৮৬ ১২৩-১২৩
আন্টিওকাস, রাজা

৮৭ ১২৪-১২৪
স্পার্টাকাস

৮৮ ১২৫-১২৫
জুলিয়াস সিজার

৮৯ ১২৬-১২৬
রোম ভ্রমণ

৯০ ১২৭-১২৭
সাম্রাজ্যের নুন

boobook

১২৮-১২৯ ৯১ ক্লিওপেট্রা

১৩০-১৩১ ৯২ প্রদর্শনীর ব্যবসা

১৩২-১৩৩ ৯৩ রোমের পারিবারিক ছবি

১৩৪-১৩৪ ৯৪ যে কবি রোমকে নিয়ে মজা করতেন

১৩৫-১৩৫ ৯৫ হাসির নিদান

১৩৬-১৩৬ ৯৬ পরিহাস

১৩৭-১৩৭ ৯৭ আয়নার পৃথিবী বাস্তবের পৃথিবীকে ব্যঙ্গ করে

১৩৮-১৩৮ ৯৮ হাসা বারণ

১৩৯-১৩৯ ৯৯ স্মিত দেবত্ব

১৪০-১৪১ ১০০ যে পিতা কখনও হাসেন না

১৪২-১৪৩ ১০১ পুত্র

১৪৪-১৪৪ ১০২ সন্ধান চাই

১৪৫-১৪৫ ১০৩ গাধাটা

১৪৬-১৪৭ ১০৪ যিশুর পুনর্জন্ম

১৪৮-১৪৮ ১০৫ মেরিরা

১৪৯-১৪৯ ১০৬ মেরির পুনর্জন্ম

১৫০-১৫১ ১০৭ সান্তা ক্লজের উৎপত্তি

১৫২-১৫২ ১০৮ নরকের উৎপত্তি

১৫৩-১৫৩ ১০৯ প্রিসিলিয়ান

১৫৪-১৫৫ ১১০ হাইপেশিয়া

১৫৬-১৫৬ ১১১ থিওডোরা

১৫৭-১৫৭ ১১২ উরাকা

১৫৮-১৫৮ ১১৩ আয়েশা

১৫৯-১৫৯ ১১৪ মুহাম্মদ

১৬০-১৬০ ১১৫ মুহাম্মদের জীবনীকার

১৬১-১৬১ ১১৬ সুকেইনা

১৬২-১৬২ ১১৭ সকল গল্পকথকের মা

১৬৩-১৬৩ ১১৮ বাগদাদ

১৬৪-১৬৫ ১১৯ সুরার স্বর

১৬৬-১৬৭ ১২০ ধর্মযুদ্ধ

boobook

১২১ ১৬৮-১৬৮
দৈব অনুশাসন

১২২ ১৬৯-১৬৯
কবি প্রবক্তা

১২৩ ১৭০-১৭১
ত্রতুলা

১২৪ ১৭২-১৭৩
আসিসির সন্ত ফ্রান্সিস

১২৫ ১৭৪-১৭৪
শর্করার উৎপত্তি

১২৬ ১৭৫-১৭৫
স্বর্গাগত সন্তরা

১২৭ ১৭৬-১৭৬
ইভের কন্যাদের সন্তরা যেভাবে এঁকেছেন

১২৮ ১৭৭-১৭৭
গান গাওয়া বারণ

১২৯ ১৭৮-১৭৮
অনুভব করাও বারণ

১৩০ ১৭৯-১৭৯
আভিসেন্না

১৩১ ১৮০-১৮১
এক সামন্ত নারী জানিয়েছেন কীভাবে...

১৩২ ১৮২-১৮২
এক সামন্ত প্রভুর মতে কৃষকদের যেভাবে...

১৩৩ ১৮৩-১৮৩
ফোয়ারার উৎস

১৩৪ ১৮৪-১৮৪
প্লেগ

১৩৫ ১৮৫-১৮৫
প্লেগের বিরুদ্ধে মেয়েরা

১৩৬ ১৮৬-১৮৬
অভিশপ্ত জল

১৩৭ ১৮৭-১৮৭
ঈশ্বরের ছোট্ট দেবদূতরা

১৩৮ ১৮৮-১৮৮
ওগরের বাবা

১৩৯ ১৮৯-১৮৯
তাতারদের ওগর

১৪০ ১৯০-১৯১
মার্কো পোলো

১৪১ ১৯২-১৯৩
চীনারা কী উদ্ভাবন করেনি?

১৪২ ১৯৪-১৯৫
ভাসমান মহানগর

১৪৩ ১৯৬-১৯৬
এক উদার পোপ

১৪৪ ১৯৭-১৯৭
ভালোর অনুকরণে মন্দ

১৪৫ ১৯৮-১৯৯
বিশ্বাসের যুক্তি

১৪৬ ২০০-২০১
অত্যাচারীর স্বীকারোক্তি

১৪৭ ২০২-২০২
সবাই আমরা ঘাতক

১৪৮ ২০৩-২০৩
ভাড়াটে সেনা

১৪৯ ২০৪-২০৫
অসম্ভবের মা আমাদের

১৫০ ২০৬-২০৭
পবিত্র যোদ্ধা

boobook

২০৮-২০৯ ১৫১
জাহাজ যখন স্থলপথে যায়

২১০-২১০ ১৫২
ছদ্মবেশী এক শয়তান

২১১-২১১ ১৫৩
পরির মতো সে হাঁটে

২১২-২১২ ১৫৪
লিওনার্দো

২১৩-২১৩ ১৫৫
বুক

২১৪-২১৪ ১৫৬
ভ্যাটিকান পরিদর্শন

২১৫-২১৫ ১৫৭
বশ

২১৬-২১৭ ১৫৮
কৌতূহলী হওয়া নিষেধ

২১৮-২১৯ ১৫৯
প্রশ্ন করার বিপজ্জনক পাপ

২২০-২২০ ১৬০
সার্ভেত-এর পুনরুত্থান

২২১-২২১ ১৬১
সব কিছু ইউরোপীয়

২২২-২২২ ১৬২
দক্ষিণ

২২৩-২২৩ ১৬৩
মধ্যযুগীয় কথামালা

২২৪-২২৪ ১৬৪
সমুদ্রবায়ুর উৎপত্তি

২২৫-২২৫ ১৬৫
কলাম্বাস

২২৬-২২৬ ১৬৬
মুখাকৃতি যেমন

২২৭-২২৭ ১৬৭
নিয়তি

২২৮-২২৯ ১৬৮
আমেরিগো

boobook



আমার শরীরে এই পৃথিবীর ছবি আঁকো, পিতা

দক্ষিণ ডাকোটার স্যিউ গান

আয়না অসংখ্য মানুষে ভরা।
অদৃশ্যেরা আমাদের দেখে।
বিস্মৃতরা মনে করে।
আমরা যখন নিজেদের দেখি, তখন দেখি তাদেরও।
যখন মুখ ফেরাই, তখন তারাও কি করে তা-ই?

boobook



boobook

আকাঙ্ক্ষা থেকে জন্ম

জীবন ছিল একা, না ছিল তার নাম, না স্মৃতি। হাত ছিল, কিন্তু ছোঁয়ার কেউ ছিল না। জিভ ছিল, কিন্তু কথা বলার কেউ ছিল না। জীবন ছিল একা, আর একা মানে বোকা।

তারপর আকাঙ্ক্ষা তার বাণ তুলে নিল হাতে। আকাঙ্ক্ষার বাণ জীবনকে মাঝখান থেকে বিভক্ত করল, জীবন হলো দুই।

পরস্পরকে দেখলে তারা হাসত। পরস্পরকে ছুঁয়ে তারা আবারও হাসত।

boobook

পায়ে-পায়ে এক উৎসব

আদম আর ইভ কালো ছিল?

পৃথিবীর পথে মানুষের যাত্রা শুরু হয় আফ্রিকা থেকে। সেখান থেকে আমাদের পূর্বপুরুষরা এই গ্রহ জয় করতে বেরোয়। বহু পথ তাদের বহু গন্তব্যে নিয়ে যায়, আর সূর্য তার রঙের পাত্র থেকে তাদের নানা রঙে রাঙিয়ে দেয়।

এখন আকাশের রামধনুর চেয়ে পৃথিবীর এই রামধনু অনেক রঙিন। কিন্তু আমরা সবাই এসেছি আফ্রিকা থেকে। এমনকী শাদার চেয়েও শাদা যারা, তারাও আফ্রিকা থেকে অভিবাসিত।

boobook

হয়তো আমাদের এই সাধারণ উৎসের কথা আমরা স্বীকার করি না, কারণ বর্ণবাদ জন্ম দিয়েছে বিস্মৃতির, অথবা এ আমাদের অবিশ্বাস্য মনে হয় যে সেই সুদূর অতীতে গোটা পৃথিবীটাই ছিল আমাদের সাম্রাজ্য, সে ছিল সীমান্তহীন এক মানচিত্র, আর আমাদের পা-দুটোই ছিল তার একমাত্র পাসপোর্ট।

গুহা

স্ট্যালাকটাইট ঝুলে থাকে ছাদ থেকে। স্ট্যালাগমাইট গজায় মেঝেতে। এ সবই হলো ভঙ্গুর স্ফটিক, জল আর সময়ের প্রহারে খচিত গুহার গভীরে পাথরের স্বেদ থেকে তার জন্ম।

স্ট্যালাকটাইট আর স্ট্যালাগমাইট বিন্দু-বিন্দু করে, অন্ধকারে, ওপরে ও নিচে, হাজার-হাজার বছর ধরে পরস্পরকে খুঁজে চলে।

পরস্পরকে খুঁজে পেতে কারও লক্ষ-লক্ষ বছর কেটে যায়।

তাদের কোনো তাড়া নেই।

boobook

দূষণের উৎপত্তি

পিগমি, যাদের শরীর খাটো কিন্তু স্মৃতি অতি দীর্ঘ, সময়েরও আগের সময়ের কথা তারা মনে করতে পারে, যখন পৃথিবী ছিল আকাশের ওপর।

পৃথিবী থেকে আকাশে তখন খালি ধুলো আর জঞ্জাল পড়ত, দেবতাদের ঘরকে যা দূষিত করছিল, তাদের খাদ্যে মিশিয়ে দিচ্ছিল বিষ।

বহুকাল ধরে সে সব সহ্য করছিল দেবতারা, কিন্তু একসময় তাদের ধৈর্য ফুরোল।

অবশেষে বজ্র হানল তারা, আর পৃথিবী দু-ভাগ হয়ে গেল। সেই ফাঁক দিয়ে তারা চাঁদ, সূর্য আর তারাদের ওপরদিকে ছুঁড়ে দিল আর সেই পথে নিজেরাও ওপরে উঠে গেল। ওপরে, আমাদের থেকে অনেক দূরে, অনেক নিরাপদে তারা তাদের সাম্রাজ্য তৈরি করল।

সেই থেকে আমরা নিচেই পড়ে আছি।

boobook boobook

ক্রীতদাস আর প্রভুরা

কাকাওয়ের দরকার হয় না সূর্যের, কারণ সে তার নিজেরই আছে।

তার অন্তঃস্থিত ঔজ্জ্বল্য থেকে আসে চকোলেটের আনন্দ আর উল্লাস। এই ঘন নির্যাসের ওপর একচেটিয়া অধিকার ঊর্ধ্বের দেবতাদের; আর আমরা মানুষেরা, অজ্ঞতায় বাস করা আমাদের নিয়তি।

কোয়েটজালকোট তা চুরি করেন টলটেকদের থেকে। অন্যান্য দেবতারা যখন ঘুমিয়েছিলেন, সে সময় তিনি এর কিছু বীজ চুরি করে লুকিয়ে রাখেন তাঁর দাড়িতে। তারপর তিনি মাকড়শার জালের এক লম্বা সুতো ধরে সোজা পৃথিবীতে এসে তা তুলে দেন টুলা শহরের হাতে।

কোয়েটজালকোটের উপহার অন্যায়ভাবে দখল করে রাজা, পুরোহিত আর সমরনায়করা।

শুধু তাদের রসনাই এর যোগ্য বলে মনে করা হয়।

স্বর্গের অধিপতিরা যেমন নশ্বর মনুষ্যের জন্য চকোলেট নিষিদ্ধ করেছিলেন, তেমনি পৃথিবীর অধিপতিরাও তা সাধারণদের জন্য নিষিদ্ধ ঘোষণা করে।

boobook

শাসক ও শাসিত

জেরুসালেমের বাইবেল বলে যে ইসরায়েলের লোকেরা ঈশ্বরের নির্বাচিত, তারা ঈশ্বরের সন্তান।

দ্বিতীয় স্তোত্র অনুসারে, নির্বাচিত লোকেদেরই পৃথিবীকে শাসন করার ভার দেওয়া হয়েছে।

“আমাকে জিজ্ঞেস করো, বিধর্মীদের আমি তোমাদের উত্তরাধিকারে ও বিশ্বের পরমতম অঞ্চলগুলি তোমাদের অধিকারে প্রদান করব।”

কিন্তু ইসরায়েলের লোকেরা তাঁর যথেষ্ট বিরক্তির কারণ হয়, অকৃতজ্ঞ তারা এবং পাপিষ্ঠ। বহু হুমকি, অভিশাপ এবং শাস্তির পর অবশেষে ঈশ্বর ধৈর্য হারান।

সেই থেকে অন্যান্যরা ঐ উপহারের জন্য দাবি জানাতে থাকে।

১৯০০ সালে যুক্তরাষ্ট্রের সেনেটর অ্যালবার্ট বেভারিজ জানান, “সর্বশক্তিমান ঈশ্বর আমাদের নির্বাচিত বলে চিহ্নিত করেছেন, এবং এখন থেকে আমরাই বিশ্বের পুনরুজ্জীবনে নেতৃত্ব দেব।”

boobook

এক মারাত্মক অস্ত্র

তিরিশটিরও বেশি দেশে ভগাঙ্কুর ছিন্ন করার প্রথা রয়েছে।

এই সূত্রে তার নারী বা নারীদের ওপর পুরুষের সম্পত্তিগত অধিকার প্রতিষ্ঠিত হয়।

নারীর আনন্দকে নষ্ট করার এই অপরাধকে ঘাতকরা বলে 'শুদ্ধিকরণ'। এবং তারা ব্যাখ্যা করে যে ভগাঙ্কুর হলো:

এক বিষাক্ত বাণ
বৃশ্চিকের লেজ
উইয়ের ঢিপি
পুরুষকে হত্যা করে, বা তাকে অসুস্থ করে তোলে
নারীকে উত্তেজিত করে
তাদের দুধ বিষিয়ে দেয়
তাদের করে তোলে অতৃপ্ত
এবং উন্মত্ত।

এই অঙ্গচ্ছেদকে তারা বৈধতা দেয় এই বলে যে নবী মুহাম্মদ এ নিয়ে একটি কথাও বলেননি, এবং কোরানেও এর কোনো উল্লেখ নেই।

boobook

মিশরীয়রা

হেরোডটাস প্রমাণ করেছেন যে মিশরের নদী আর আকাশ অন্য যেকোনো নদী আর আকাশের চেয়ে আলাদা, এই একই কথা বলা যায় তাদের প্রথা সম্পর্কেও। মজার মানুষ এই মিশরীয়রা: তারা ময়দা মাখে পা দিয়ে আর মাটি মাখে হাত দিয়ে, মৃত বিড়ালের মমি করে তারা পবিত্র সিন্দুকে ভরে রাখে।

কিন্তু সবচেয়ে লক্ষণীয় হলো পুরুষদের মধ্যে মেয়েদের অবস্থান। মেয়েরা সেখানে, সে অভিজাতই হোক বা সাধারণ, তাদের নাম ও সম্পদ সমর্পণ না করেই স্বাধীনভাবে বিয়ে করতে পারে। শিক্ষা, সম্পদ, কাজ ও উত্তরাধিকার সেখানে শুধু পুরুষের জন্য নয়, এবং মেয়েরা সেখানে বাজার করে আর পুরুষেরা ঘরে বসে তাঁত বোনে। হেরোডটাসের মতে, যদিও তাঁর কথা পুরোপুরি বিশ্বাসযোগ্য নয়, মেয়েরা নাকি সেখানে প্রস্রাব করে দাঁড়িয়ে, আর পুরুষেরা করে হাঁটু মুড়ে বসে।

boobook